# RAMAKRISHNA MISSION VIDYAMANDIRA

(Residential Autonomous College under University of Calcutta)

**B.A./B.SC. THIRD SEMESTER EXAMINATION, DECEMBER 2013**

**SECOND YEAR**

**Bengali (Honours)**

Date : 14/12/2013

Time : 11am – 3pm

Paper : III

Full Marks : 100

১। যে কোন **একটি** প্রশ্নের উত্তর দাও ঃ- (১ × ১৪)

ক) "বিস্ময়ের বিষয় বাঙ্গলা সমাজ সম্বন্ধে দীনবন্ধুর পারদর্শিতা।" — সমালোচকের এই অভিমত দীনবন্ধু মিত্র-র নাটকগুলি প্রসঙ্গে কতখানি যথোপযুক্ত হয়েছে বিচার করো।

**অথবা,**

খ) জনমনোরঞ্জন ও শিক্ষাদান — উভয় আদর্শের প্রতি লক্ষ্য রেখেই গিরিশের পৌরাণিক নাটকগুলি রচিত হয়েছে — আলোচনা কর।

২। যে কোন **দুটি** বিষয় সম্পর্কে সংক্ষিপ্ত আলোচনা করো ঃ- (২ × ৩)

কৃষ্ণকুমারী, সাজাহান, দেবাসুর, ছেঁড়া তার

৩। যে কোন **একটি** প্রশ্নের উত্তর লেখ ঃ- (১ × ১১)

ক) গুণবতী তত্ত্বের বাহক — তাই তাঁর বাস্তব নারীরূপ এ নাটকে ততটা ফুটে ওঠে নি — এই উক্তির যাথার্থ্য বিচার করো।

**অথবা,**

খ) 'রাজর্ষি' উপন্যাসের সঙ্গে 'বিসর্জন' নাটকের মিল এবং অমিল কতখানি — তুলনামূলক আলোচনার দ্বারা বুঝিয়ে দাও।

৪। যে কোন **একটি** প্রশ্নের উত্তর লেখ ঃ- (১ × ৪)

ক) "প্রেম মিথ্যা, / স্নেহ মিথ্যা, দয়া মিথ্যা, মিথ্যা আর সব, / সত্য শুধু অনাদি অনন্ত হিংসা!" — কার উক্তি? কার প্রতি বক্তার এই উক্তি? কোন ঘটনার প্রতিক্রিয়ায় বক্তা এই কথাগুলি বলেছিল? (১ + ১ + ২)

**অথবা,**

খ) 'এসো তুমি, / এ মন্দির ছেড়ে এসো' — কার ডক্তি? কার উদ্দেশ্যে? সে কি বক্তার আহ্বান কে স্বীকার করেছিল? (১ + ১ + ২)

৫। যে কোন **একটি** প্রশ্নের উত্তর লেখ ঃ- (১ × ১১)

ক) 'মেবার-পতন' নাটকে দ্বিজেন্দ্রলাল রায় মেবারবাসী দুই প্রজন্মের মানসিকতার যে পার্থক্য ফুটিয়ে তুলেছেন তা বিশ্লেষণ করো।

**অথবা,**

খ) 'মেবার পতন' নাটকে স্বদেশপ্রেমিকতার উচ্ছ্বাস স্তিমিত হয়ে দ্বিজেন্দ্রলালের মধ্যে বিবেকবুদ্ধি ও বিচার বিশ্লেষণ প্রাধান্য পেয়েছে — উক্তিটির সারবত্তা আলোচনা কর।

৬। যে কোন **একটি** প্রশ্নের উত্তর লেখ ঃ- (১ × ৪)

ক) "কখন পথ হাঁটি নাই। তাই পথ হেঁটে আস্‌তে আমার চরণ ক্ষতবিক্ষত হয়েছে।" — কে বলেছে? কাকে বলেছে? কেন পথ হেঁটেছে সে? (১ + ১ + ২)

**অথবা,**

খ) "আমার ধৈর্য্যের সীমা আছে।" — কার উক্তি? কার উদ্দেশে এই উক্তি করা হয়েছে? কোন প্রসঙ্গে এই উক্তি করা হয়েছে? (১ + ১ + ২)

৭। যে কোন **একটি** প্রশ্নের উত্তর দাও ঃ- (১ × ১৪)

ক) বাংলা কাব্যের ইতিহাসে আখ্যান কাব্যের যুগ কাকে বলে? এই যুগের মূল সুর রঙ্গলাল বন্দ্যোপাধ্যায়ের কবিতায় কিভাবে ধ্বনিত হয়েছে তা আলোচনা কর। (৬ + ৮)

**অথবা,**

খ) বাংলা কাব্যসাহিত্যের ইতিহাসে কবি কাজী নজরুল ইসলাম -এর বিশেষত্ব বুঝিয়ে দাও।

৮। যে কোন **দুটি** বিষয় সম্পর্কে সংক্ষিপ্ত আলোচনা করো ঃ- (২ × ৩)

সারদামঙ্গল, চতুর্দশপদী কবিতাবলী, বেণু ও বীণা, স্মরগরল

৯। যে কোন **একটি** প্রশ্নের উত্তর লেখ ঃ- (১ × ১১)

ক) "নূতন বিবাহে বাঁধিবে আমায় / নবীন জীবনডোরে।" — কবি 'নূতন বিবাহ' আকাঙ্ক্ষা করেছেন কেন ব্যাখ্যা করো।

**অথবা,**

খ) 'সাধারণ মেয়ে' কবিতায় একটি সাধারণ মেয়ের মর্মযন্ত্রণার যে চিরকালীন ছবি ফুটে উঠেছে তা আলোচনা কর।

১০। যে কোন **একটি** প্রশ্নের উত্তর লেখ ঃ- (১ × ৪)

ক) "নয়ন মেলে দেখ দেখি তুই চেয়ে / দেবতা নাই ঘরে।" — কোন কবিতার অংশ? কবিতাটি যে কাব্যগ্রন্থের অন্তর্ভুক্ত তার নাম বল? 'দেবতা' গেছেন কোথায়? (১ + ১ + ২)

**অথবা,**

খ) 'এবার আমারে লহো করুণা করে' — কে কাকে এই আহ্বান জানিয়েছে? সে কোথায় নিয়ে যাবার কথা বলেছে? (১ + ১ + ২)

১১। যে কোন **একটি** প্রশ্নের উত্তর লেখ ঃ- (১ × ১১)

ক) 'যক্ষের নিবেদন' কবিতায় কবিমনের রোম্যান্টিকচেতনার যে প্রকাশ ঘটেছে তার স্বরূপ বিশ্লেষণ করো।

**অথবা,**

খ) 'জন্মাষ্টমী' কবিতায় কবি মোহিতলাল মজুমদার -এর কবিচেতনার বিশিষ্টতার যে পরিচয় পাও তা বিশ্লেষণ করো।

১২। যে কোন **একটি** প্রশ্নের উত্তর লেখ ঃ- (১ × ৪)

ক) "দূর মাঠ পানে চেয়ে চেয়ে - চেয়ে, শুধু চেয়ে
রয়েছি পড়িয়া।"

— কোন কবিতার অংশ? কবি কে? 'দূর মাঠ পানে চেয়ে' কবি কী কী দেখেছিলেন? (১ + ১ + ২)

**অথবা,**

খ) "দিবসে থাকে না কথার অন্ত
চেনা - অচেনার ভিড়ে।"

— কোন কবিতার অংশ? কবিতাটি কোন কাব্যগ্রন্থের অন্তর্ভুক্ত? 'দিবসে'র ব্যস্ততার কী কী ছবি কবিতায় পাও? (১ + ১ + ২)